



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৩.৯৯.০১৬.২০২০ - ৯০৬/০৫

তারিখ: ১১/১১/২০২০ খ্রি.

বিষয়: সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর এর জমিজমা সংক্রান্ত মামলা পরিচালনার ব্যয়ভার বেসরকারি তহবিল থেকে নির্বাহের অনুমতি প্রসংগে।

সূত্র: কলেজ স্মারক নং ৪০০/২০২০, তারিখ: ০৫/০৯/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর এর স্থাবর সম্পত্তি নিয়ে বিজ্ঞ নিম্ন আদালতে অন্য মোকদ্দমা নং ১৬৯/৯৫ এবং আপিল মোকদ্দমা নং ২০/২০০৩, বিজ্ঞ যুগ্ম জেলা জজ ১ম আদালতে অন্য প্রকার মোকদ্দমা নং ২১/২০১২ এবং ল্যান্ড সার্ভে মোকদ্দমা নং ৮৩৩/২০১৩ বিষয়ে নিয়োক্ত শর্তে মামলা পরিচালনার ব্যয়ভার বেসরকারি তহবিল থেকে নির্বাহের অনুমতি প্রদান করা হলো।


২। যেহেতু সরকারি স্থাবর সম্পত্তি বিষয়ে মামলা মোকদ্দমা চলমান সেক্ষেত্রে সরকারি স্থাবর সম্পত্তি রক্ষার্থে মামলা মোকদ্দমা পরিচালনা, প্রয়োজনে আপিল দায়ের, দেশের সর্বোচ্চ আদালত তথা আইনের সর্বশেষ ধাপ পর্যন্ত যাওয়া, সংশ্লিষ্ট আদালতের সরকারি কৌসুলীর সাথে যোগাযোগ, সংশ্লিষ্ট ভূমি অফিসে যোগাযোগ করতে হবে। এক্ষেত্রে মামলা পরিচালনার লক্ষ্যে একজন বিজ্ঞ বেসরকারি সিভিল আইনজীবী নিয়োগ দেয়া এবং মামলাসমূহ পরিচালনা ও আইনজীবীর সন্মানী ভাতা কলেজের বেসরকারি তহবিল হতে ব্যয় নির্বাহ করা যাবে। জবাবদিহিতা নিশ্চিত করাসহ বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে মামলা মোকদ্দমার হালনাগাদ তথ্য অধিদপ্তরকে অবহিত করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


10.11.2020

(লোকমান হোসেন-১৭৩৯৪)
সহকারী পরিচালক (কলেজ-১)

ফোন: ৪১০৫০১১৭



অধ্যক্ষ

সরকারি আশেক মাহমুদ কলেজ

জামালপুর।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো:

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৩। উপপরিচালক (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৪। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৫। সংরক্ষণ নথি।